# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

স্মারক নং-৪৯.০২.০০০০.০০০.০৫.০৩৬.২৫-৯০

তারিখ: ০২.০২.২০২৬

## বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে ব্রুনাই-এ পুরুষ কর্মী নিয়োগ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত কোম্পানিতে বর্ণিত পদে দক্ষ পুরুষ কর্মী নিয়োগের লক্ষ্যে আগ্রহীদের অনলাইনে আবেদন গ্রহণ করা হবে:

| ক্র. নং | কোম্পানির নাম | পদের নাম | সংখ্যা | বেতন/মজুরি (ব্রুনাই ডলার) | বয়স | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | Top-Build Construction Sdn Bhd | Construction Worker (নির্মাণ শ্রমিক) | ৮০ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | বর্ণিত পদের প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২. | Cityhome Design & Construction Sdn Bhd | Tukang Kayu (Carpenter)- (কাঠ মিস্ত্রী) | ১৩ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | |
| | | Scaffolder (স্ক্যাফোল্ডার) | ২ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | |
| | | Tukang Besi (কামার) | ৫ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | |
| | | Tukang Paip (প্লাম্বার) | ৩ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | |
| | | Tukang Batu (রাজমিস্ত্রী) | ১০ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | |
| | | Tukang Cat (রং মিস্ত্রী) | ৫ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | |
| | | Tukang Elektrik (ইলেকট্রিশিয়ান) | ২ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | |
| | | ConstructionWorker (নির্মাণ শ্রমিক) | ৫ | দৈনিক ২০ ডলার | ২০-৫০ বছর | |
| | | মোট | ১২৫ জন | | | |

**নির্ধারিত অনলাইন আবেদন লিংক: brms.boesl.gov.bd**

**চাকরির শর্তাবলী:**

- শ্রম চুক্তি: ০২ (দুই) বছর ও নবায়নযোগ্য
- কর্মঘন্টা: দৈনিক ৮ ঘন্টা ডিউটি;
- থাকা: কোম্পানি বহন করবে;
- খাওয়া: কর্মীকে বহন করতে হবে;
- বিমান ভাড়া: নিয়োগকর্তা বহন করবে;
- মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ-সুবিধাদি ব্রুনাই-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**অন্যান্য শর্তাবলী:**

- আগ্রহী প্রার্থীদের পাসপোর্ট নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য তথ্যাদি বোয়েসেল-এর নির্ধারিত অনলাইন আবেদন লিংক brms.boesl.gov.bd-এ **আগামী ০৬.০২.২০২৬** তারিখ এর মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো;
- অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ বিকাশ ১০০ (একশত) টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি প্রদানের মাধ্যমে আবেদন করতে হবে;
- অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রাপ্ত আবেদনকৃত প্রার্থীদের তথ্য যাচাই-বাছাই করে চাকরির সাক্ষাৎকারের জন্য তালিকা প্রস্তুত করে নিয়োগকর্তা কর্তৃক প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচন করা হবে;
- সাক্ষাৎকারের সময় প্রার্থীর মূল পাসপোর্ট ইংরেজি জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতার সনদসহ অন্যান্য প্রমাণাদি সঙ্গে আনতে হবে;
- অনলাইনে আবেদন, চাকরির সাক্ষাৎকার এবং চূড়ান্ত নির্বাচন কোনো প্রার্থীর চাকরির নিশ্চয়তা বহন করে না এবং কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- যুদ্ধ বিগ্রহ, প্রাকৃতিক বিপর্যয় ও মহামারীর কারণে মধ্যপ্রাচ্য, সিরিয়াসহ বিভিন্ন দেশ হতে বাধ্যতামূলকভাবে ফেরত আসা কর্মীগণ পুণরায় বিদেশ গমণে আগ্রহী হলে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার পাবে।
- ইংরেজী ও মালয় (মালয়েশিয়া) ভাষা জানা প্রার্থীদের নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার পাবে।

**সার্ভিস চার্জ:** নিয়োগকর্তা কর্তৃক চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা উত্তীর্ণদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ, ভ্যাট, এআইটি, বীমা, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার ফি, রেজিস্ট্রেশন ফি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ দক্ষদের ক্ষেত্রে ৫৬,৩৫০/- (ছাপ্পান্ন হাজার তিনশত পঞ্চাশ) এবং অদক্ষ/আধা-দক্ষদের ক্ষেত্রে ৪৪,৮৫০/- (চুয়াল্লিশ হাজার আটশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার "বোয়েসেল, ঢাকা" নামে সোনালী ব্যাংক, মগবাজার শাখা থেকে সম্পন্ন করে বোয়েসেলে মূল কপি জমা দিতে হবে। দূতাবাস কর্তৃক নির্ধারিত ভিসা ফি ও বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে। নির্ধারিত সার্ভিস চার্জের বাহিরে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অর্থ দাবি করলে নিশ্চিত প্রতারক হিসেবে বিবেচিত হবে। নগদ লেনদেন থেকে বিরত থাকুন। প্রতারণা থেকে সাবধান।

**জরুরি প্রয়োজনে যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮**

02/02/26

উপ মহাব্যবস্থাপক

**বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো অর্থ প্রদান করবেন না।**
**বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বাংলাদেশে বোয়েসেলের কোনো এজেন্ট/সাব-এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।**

**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd